ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩
Mymensingh Palli Bidyut Samity-3
(এলাকা ভিত্তিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পবিস-৩
শম্ভুগঞ্জ, সদর, ময়মনসিংহ।
Emaill: mpbs3@yahoo.com
Web: pbs3.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৫২.৫৬৪.০২.০০৮.২৫. ২৬৮

তারিখ: ১৩ জানুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ
২৯ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ

# "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ নিম্ন বর্ণিত শূন্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্তে পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) এবং সংশোধিত পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন সহকারী ক্যাশিয়ার পদে কর্মরত প্রার্থীদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও শূন্য পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | **ক্যাশিয়ার ০২ টি (কম/বেশি হতে পারে)** | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) সহকারী ক্যাশিয়ার পদে নিয়মিতভাবে কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) কম্পিউটার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে অবশ্যই সক্ষম হতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজী কী স্পিড প্রতি মিনিটে ন্যূনতম যথাক্রমে ১০ (দশ) ও ৩০ শব্দ মুদ্রনে সক্ষম হতে হবে।<br>ঘ) পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি (সংশোধিত- ২০১২)" এর ধারা ০৭, ১৪ ও ১৬ এবং পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এ উল্লিখিত সকল শর্তসমূহ পূরণ হতে হবে।<br>ঙ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের গড় রেটিং ন্যূনতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে। |

**আবেদনের নিয়মাবলীঃ-**

প্রার্থীকে A-4 সাইজের সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্রের সাথে (ক) নিজের নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ (ট) মোবাইল নম্বর (ঠ) জাতীয় পরিচয়পত্র (ড) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের সত্যায়িত ফটোকপি, পদোন্নতির জন্য পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি, বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার/এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে) সংযোজনসহ সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার প্রদত্ত সুপারিশ ও বিনা আপত্তির সনদপত্রে বিগত ০৪ বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে অথবা না থাকে), ইতিপূর্বে পদোন্নতির জন্য মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করেছেন কিনা (যদি থাকে) এবং ০৩ বার মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছেন কি-না তা প্রত্যয়নপত্রে সুস্পষ্ট উল্লেখপূর্বক **আগামী ২৮/০১/২০২৫খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায়** আবেদনপত্র সহ ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এ স্ব-শরীরে উপস্থিত হয়ে সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

০১। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয় তবে অত্র পবিসের ভৌগলিক এলাকায় (ময়মনসিংহ সদর আংশিক (ইউনিয়ন- অষ্টধার, কুষ্টিয়া বোররচর, পরানগঞ্জ, চরঈশ্বরদিয়া, সিরতা, চরনিলক্ষীয়া), ঈশ্বরগঞ্জ, গৌরিপুর, ফুলপুর, হালুয়াঘাট, ধোবাউড়া ও তারাকান্দা উপজেলা) স্থায়ীভাবে বসবাসকারীদের আবেদন করার প্রয়োজন নাই।

০২। উচ্চতর পদে পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ

(ক) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ডে দন্ডিত হন নাই;

(খ) সর্বশেষ ০২ (দুই) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ডে দন্ডিত হন নাই;

(গ) দন্ডাদেশে দন্ডের মেয়াদ অতিবাহিত হওয়ার পর হতে লঘু দন্ডের ক্ষেত্রে পরবর্তী ০১(এক) বছর এবং গুরুদন্ডের ক্ষেত্রে পরবর্তী ০২ বছরের মধ্যে পদোন্নতির জন্য যোগ্য বিবেচিত হবেন না;

(ঘ) পদোন্নতির জন্য ০৩(তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তানুযায়ী যোগ্য বিবেচিত হবেন না;

(ঙ) তার বিরুদ্ধে কোন বিভাগীয় বা ফৌজদারী মামলার কার্যধারা চলমান থাকলে যোগ্য বিবেচিত হবেন না;

(চ) পবিস নীতি নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এর সংশ্লিষ্ট শর্তাবলী পূরণ করাসহ প্রয়োজনীয় সংখ্যক বছরের বার্ষিক কর্ম-মূল্যায়নের ন্যূনতম গড় রেটিং।

০৩। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী/বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা উভয়ের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই।

০৪। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন তবে তাকে তদন্ত ব্যতিরেকে চাকুরীচ্যুত করা হবে।

০৫। নিবার্চনী সাক্ষাৎকারে অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৬। ক্যাশিয়ার পদে নিবার্চিত প্রার্থীকে যোগদানের সময় ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে পবিসে জমা প্রদান করতে হবে।

০৭। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন গ্রহণ/বাতিল অথবা এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

২/১/২৫

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ-সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.................. পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম, সদর-কারিগরী/ফুলপুর/ঈশ্বরগঞ্জ/হালুয়াঘাট/ধোবাউড়া জোনাল অফিস, মপবিস-৩।
০৬। এজিএম (ওএন্ডএম), তারাকান্দা/গৌরিপুর/উচাখিলা সাব-জোনাল অফিস, মপবিস-৩।
০৭। এজিএম (অর্থ/এমএস/প্রশাসন/ওএন্ডএম/ইএন্ডসি/এইচআর), মপবিস-৩।
০৮। এজিএম (আইটি), ময়মনসিংহ পবিস-৩। (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিন প্রয়োজনীয় দলিলাদিসহ)।
০৯। ওয়েব সাইট/নোটিশ বোর্ড।
১০। অফিস কপি/মাষ্টার কপি।

যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অবহিত করণের জন্য অনুরোধ করা হলো।

২/১/২৫

(মোহাম্মদ আবুল কালাম আজাদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার